

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
পরিকল্পনা শাখা

নং-০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১৩(অংশ-৩)-১৪১

তারিখঃ ১৭.০৫.২০১৭ খ্রিঃ

০৩.০২.১৪২৪ ৪৪

বিষয় : নতুন ভ্যাট আইন (মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২) বাস্তবায়নকল্পে জেলা পর্যায়ে সহায়তা কমিটি গঠন।

সরকার সারাদেশে রাজস্ববান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠার চলমান প্রয়াস এবং ১ জুলাই, ২০১৭ হতে নতুন ভ্যাট আইন (মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক আইন, ২০১২) বাস্তবায়ন ও অপারেশনাল কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ভ্যাট বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের পাশাপাশি সহায়ক দপ্তর (আয়কর, প্রশাসন, পুলিশ, আনসার, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অন্যান্য সংস্থা) এর সংশ্লিষ্ট কর্মকর্তা এবং ব্যবসায়ী সংগঠন/চেম্বার এর মনোনীত প্রতিনিধির সমন্বয়ে জেলা পর্যায়ে নিম্নরূপ সহায়ক কমিটি গঠন করলেনঃ

| ক্রম | সংশ্লিষ্ট কর্মকর্তা/মনোনীত প্রতিনিধিগণের দপ্তর      | কমিটিতে অবস্থান |
|------|---|-----------------|
| ০১   | জেলা প্রশাসক  | সভাপতি          |
| ০২   | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ               | সদস্য           |
| ০৩   | পুলিশ সুপার   | সদস্য           |
| ০৪   | সিভিল সার্জন  | সদস্য           |
| ০৫   | মেয়র, জেলা সদর পৌরসভা                              | সদস্য           |
| ০৬   | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর                | সদস্য           |
| ০৭   | উপজেলা নির্বাহী অফিসার (সকল)                        | সদস্য           |
| ০৮   | জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা                         | সদস্য           |
| ০৯   | জেলা মৎস্য কর্মকর্তা                                | সদস্য           |
| ১০   | জেলা শিক্ষা কর্মকর্তা                               | সদস্য           |
| ১১   | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি     | সদস্য           |
| ১২   | সভানেত্রী, মহিলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | সদস্য           |
| ১৩   | সভাপতি, প্রেসক্লাব                                  | সদস্য           |
| ১৪   | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা                      | সদস্য           |
| ১৫   | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা                         | সদস্য           |
| ১৬   | জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা               | সদস্য           |
| ১৭   | উপ/যুগ্ম কর কমিশনার                                 | সদস্য           |
| ১৮   | জেলা পরিসংখ্যান কর্মকর্তা                           | সদস্য           |
| ১৯   | জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা                       | সদস্য           |
| ২০   | জেলা তথ্য কর্মকর্তা                                 | সদস্য           |
| ২১   | ভ্যাট বিভাগীয় কর্মকর্তা                            | সদস্য-সচিব।     |

০২। কমিটির কার্য-পরিধি :

- (১) কমিটি নতুন ভ্যাট আইন (মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক আইন, ২০১২) বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন;
- (২) আইনের উল্লেখযোগ্য সুবিধাসমূহ ব্যবসায়ী ও জনগণের মধ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন;
- (৩) মাসিক সমন্বয় সভায় ভ্যাট আইন বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব দিয়ে আলোচনা করবেন;
- (৪) বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের সঙ্গে সময়ে-সময়ে মত-বিনিময় সভা করবেন;
- (৫) ভ্যাট আইন বাস্তবায়নে কোন সমস্যা দেখা দিলে তা জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করবেন;
- (৬) ভ্যাট নিবন্ধন মেলা / রিটার্ন দাখিল বিষয়ক মেলা ইত্যাদি পরিচালনার দিক-নির্দেশনা প্রদান করবেন;
- (৭) ১ জুলাই, ২০১৭ কে ভ্যাট আইন বাস্তবায়নের দিন হিসেবে পালনে প্রয়োজনীয় কর্মসূচি নির্ধারণ করবেন;
- (৮) ভ্যাট আইন বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে সহায়তা প্রদান করবেন;
- (৯) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবেন; এবং
- (১০) বিবিধ।

